

# ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ

মিরপুর রোড শাখা, বাড়ী নং-১২, রোড নং-৫, ধানমন্ডি, ঢাকা

## অর্থস্বর্ণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মোঃ শফিকুর রহমান, ব্যবস্থাপনা পরিচালক- আইডিয়াল রিয়াল এস্টেট লিমিটেড, পিতা- মোঃ সেকান্দার আলী, মাতা- জামিলা খাতুন, , ব্যবসায়িক ঠিকানা-লেভেল-৬, রুপায়ন প্রাইম, বাড়ি নং: ০২, রোড নং:০৭, ধানমন্ডি, ঢাকা , বর্তমান ঠিকানা - বাড়ি নং-০১, রোড#১০, ধানমন্ডি, ঢাকা; স্থায়ী ঠিকানা - গ্রাম:নাওতলা, পোষ্ট অফিস: মাধাইরা বাজার, থানা: চান্দিনা, কুমিল্লা; কর্তৃক ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, মিরপুর রোড শাখা, ঢাকা হইতে ইহার MOVENPICK HOTEL & SPA নামীয় প্রকল্পের জন্য গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলের বর্ণিত সম্পত্তি ও তদুপস্থিত স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আম-মোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ২৩.০৯.২০১৭ ইং তারিখ পর্যন্ত MOVENPICK HOTEL & SPA নামীয় প্রকল্পের জন্য প্রদত্ত ঋণ বাবদ ব্যাংকের পাওনা ১৫,২২,০১,৫৯৮.৫৮ (পনের কোটি বাইশ লক্ষ এক হাজার পাচশত আটানব্বই টাকা আটান পয়সা) মাত্র সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

### বন্ধকী সম্পত্তির তফসিল

34.33 decimals (21 katha) project land located at Plot No BS- 22130, 22131, 22132, 22138, 22142, 22143, 22144, 22145, RS – 434, 435, M.R.- 454, 455, 456, Mutation 22130/24255, 22131/24256, 22138/24257, 22130/24258, 22131/24259, Khatian No BS-763, 1345, RS- 1044, 1054, M.R.-1203, 1211, Mutation-763/1, 1345/2, JL No-17, Mouza – Zilongza, PS- Sadar Marine Drive Road, Kolatoli, Cox's Bazar owned by (i) Mr. Usama Talha Aziz (ii) Mrs. Sonia Noveda Aziz, son and daughter of Mr. Khwaja Mohammad Sultunal Aziz and S.A.S. Begum, (iii) Mr. Shibli Kaiser Aziz and (iv) Mrs. Rumesa Rowena Aziz son and daughter of Mr. Khwaja Mohammad Ashraful Aziz and S.F.Z Begum [the aforesaid owners appointed Ideal Real Estate Limited as their lawfully constituted attorney, vide power of Attorney deed number 118 dated 09-01-2011 registered in the office of the Sadar, Cox's Bazar, to develop the property].

### নিলামের শর্তাবলী

- (১) আগামী ২৬.১০.২০১৭ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, মিরপুর রোড শাখায় রক্ষিত বাস্তব সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, মিরপুর রোড শাখায় দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- (৩) অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে। তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- (৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপরিষ্কার বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ

যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- রাজউক, সিটি কর্পোরেশন, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদি সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে ।

- (৬) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদি সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না ।
- (৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন ।
- (৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন ।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, মিরপুর রোড শাখা, ঢাকা